# Times Today BD

ডেস্ক রিপোর্ট | জাতীয় | 25 June, 2025

রাজধানীর ওয়ারীর জয়কালী মন্দির এলাকার একটি আবাসিক হোটেল থেকে সেলিম জাহান (৪৫) নামে এক আইনজীবীর মরদেহ উদ্ধার করেছে পুলিশ।

বুধবার (২৫ জুন) হোটেল ‘ওসমানী ইন্টারন্যাশনাল’-এর ৪১৪ নম্বর কক্ষ থেকে তার মরদেহ উদ্ধার করা হয়।

ওয়ারী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ফয়সাল ইসলাম জানান, হোটেল কর্তৃপক্ষের খবরে পুলিশ গিয়ে কক্ষের দরজা ভেঙে বাথরুমের মেঝেতে তাকে মৃত অবস্থায় পড়ে থাকতে দেখে।

প্রাথমিক তদন্তে জানা গেছে, তিনি লিভার সিরোসিসে ভুগছিলেন এবং চিকিৎসার উদ্দেশ্যে গত ২১ জুন হোটেলটিতে ওঠেন।মরদেহের পাশ থেকে চিকিৎসাসংক্রান্ত কাগজপত্র উদ্ধার করা হয়েছে।ধারণা করা হচ্ছে, বাথরুমে পড়ে গিয়ে অতিরিক্ত রক্তক্ষরণে তার মৃত্যু হয়েছে।

সেলিম জাহান শরীয়তপুর জেলার পালং উপজেলার ছোট সন্দীপ গ্রামের বাসিন্দা।তার বাবার নাম আব্দুর রাজ্জাক।

পরিবারের সদস্যরা মরদেহ শনাক্ত করেছেন।পরে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে ময়নাতদন্তের জন্য।

সেলিম জাহান আইনজীবী ওসমানী ইন্টারন্যাশনাল মৃত্যু

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 25 June, 2025 23:19

URL: https://timestodaybd.com/national/7758073665